

# চাকরিতে কোটা বাতিল দাবিতে তিন দিনের কর্মসূচি শিক্ষার্থীদের

দাবি না মানলে মহাসড়ক অবরোধসহ অনির্দিষ্টকালের আন্দোলন



কোটা পুনর্বহালের প্রতিবাদে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে মিছিল। ছবি: সমকাল

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০২ জুলাই ২০২৪ | ০৫:১৫



সরকারি চাকরিতে কোটা পুনর্বহালের প্রতিবাদে আবারও দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে ক্ষুব্ধ প্রতিক্রিয়া তৈরি হয়েছে। ২০১৮ সালে ঘোষিত সরকারি চাকরিতে কোটা পদ্ধতি বাতিল ও মেধাভিত্তিক নিয়োগের পরিপত্র বহাল রাখাসহ চার দাবিতে সোমবার 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন'-এর ব্যানারে আন্দোলনে নামেন ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়,

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। এ সময় কোটা বাতিলের দাবিতে আগামী ৪ জুলাই পর্যন্ত লাগাতার কর্মসূচির ঘোষণা দেন তারা। এ সময়ের মধ্যে দাবি মেনে নেওয়া না হলে পরবর্তী সময়ে অনির্দিষ্টকালের জন্য আন্দোলনে যাওয়ারও তারা হুঁশিয়ারি দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিবেদক জানান, সরকারি চাকরিতে কোটা পুনর্বহালের প্রতিবাদে গতকাল সকালে ক্যাম্পাসের রাজু ভাস্কর্যের পাদদেশে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে শিক্ষার্থীরা সমাবেশ করেন। সমাবেশ থেকে পরবর্তী কর্মসূচি ঘোষণা দেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক ও সমাজবিজ্ঞান বিভাগের ছাত্র নাহিদ ইসলাম।

UNIBOTS



-10:03

কর্মসূচির মধ্যে উল্লেখযোগ্য হলো, আজ মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার থেকে গণপদযাত্রা। দেশের সব বিশ্ববিদ্যালয় ও কলেজ শিক্ষার্থীদেরও একই সময়ে এ কর্মসূচি পালনের আহ্বান জানানো হয়েছে। এছাড়া আগামী ৩ ও ৪ জুলাই রাজধানীর সব শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নিয়ে রাজু ভাস্কর্যের সামনে সমাবেশেরও ঘোষণা দেওয়া হয়।

একই দাবিতে বেলা সাড়ে ১১টার দিকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ছাত্র সমাবেশ ও বিক্ষোভ মিছিল করেন শিক্ষার্থীরা। বিক্ষোভের অংশ হিসেবে বেলা ১১টা ৫৭ মিনিট থেকে ১২টা ৭ মিনিট পর্যন্ত ঢাকা-আরিচা মহাসড়কে দশ মিনিটের প্রতীকী অবরোধ করেন তারা। এ সময় মহাসড়কের ডেইরি ফার্ম থেকে সিয়ান্ডবি পর্যন্ত যানজটের সৃষ্টি হয়। ৪ জুলাই কোটা পদ্ধতি বাতিলের ঘোষণা না দেওয়া হলে অনির্দিষ্টকালের জন্য ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধের ঘোষণা দেন শিক্ষার্থীরা।

সকালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরাও একই দাবিতে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেন। দাবি মানা না হলে লাগাতার আন্দোলনের ঘোষণা দেওয়া হয় সমাবেশ থেকে।

এদিকে বৃষ্টি উপেক্ষা করে কোটা ব্যবস্থা বাতিল ও ২০১৮ সালের পরিপত্র পুনর্বহালের দাবিতে মানববন্ধন করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রায় অর্ধশত শিক্ষার্থী। একই দাবিতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরাও গতকাল ক্যাম্পাসে দ্বিতীয় দিনের মতো মানববন্ধন করেছেন। এ ছাড়া সকালে বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের গ্রাউন্ডের সামনে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করেন শিক্ষার্থীরা।